

Training on Compliance Management for Accreditation (30th September 2025)

৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের প্রশিক্ষণ কক্ষে সকাল ০৯:০০ ঘটিকা থেকে ০৫:০০ ঘটিকা পর্যন্ত 'Training on Compliance Management for Accreditation' বিষয়ক একটি একদিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে অ্যাক্রেডিটেশনের জন্য আবেদন করতে আগ্রহী বিশ্ববিদ্যালয়সমূহের Program Self-Assessment Committee (PSAC) -এর বিভিন্ন পদ মর্যাদার ৩০ জন সম্মানিত Professor, Associate Professor, Assistant Professor, Lecturer etc. প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি ও কীনোট স্পীকার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। প্রশিক্ষণে মাননীয় চেয়ারম্যান 'অ্যাক্রেডিটেশন বিধিমালা, ২০২২' বিষয়ে সেশন পরিচালনা করেন ও প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশ্নের ওপর আলোকপাত করেন। প্রশিক্ষণে কীনোট স্পীকার হিসেবে 'Compliance management' বিষয়ে সেশন পরিচালনা করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস এম কবীর। প্রশিক্ষণে কীনোট স্পীকার হিসেবে আরও উপস্থিত ছিলেন

Professor Dr. Farheen Hasan, Director, IQAC, American International University-Bangladesh (AIUB). তিনি 'Compliance Assessment using BAC rubrics and assessment' বিষয়ে সেশন পরিচালনা করেন এবং প্রশিক্ষণার্থীদের rubrics' বিষয়ে অনুশীলন করতে দেন। উক্ত প্রশিক্ষণে স্বাগত বক্তব্য প্রদান করেন অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ। প্রশিক্ষণ শেষে অ্যাক্রেডিটেশন বিভাগের উপপরিচালক ড. ফারজানা শারমিন প্রশিক্ষণে আগত সম্মানিত অতিথিগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রশিক্ষণটি সুষ্ঠুভাবে সম্পাদনে সহযোগিতা করেন অ্যাক্রেডিটেশন বিভাগের সহকারী পরিচালক জনাব নাছিমা আক্তার এবং জনাব সাবরিনা তাজনুর।



